[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

সাধারণ আদেশ নং- ০১/মূসক/২০২২ তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ,১৪২৯ বঙ্গাব্দ।
১৭ মে, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯, তারিখঃ ২৩ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ০৮ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ২৩ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং- ১৮/মূসক/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ-২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"২। ঔষধের ক্ষেত্রে মূসক নির্ণয় ও পরিশোধ পদ্ধতি:**

(ক) ঔষধের মূল্য স্থিতিশীল রাখিবার স্বার্থে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ভোক্তা পর্যায়ে মূসকসহ সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) নির্ধারণ করা হইয়া থাকে। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ট্রেড প্রাইসের উপর উৎপাদন পর্যায়ের ১৫ শতাংশ মূসক এবং ব্যবসায়ী পর্যায়ে ১৬ শতাংশ মূল্য সংযোজন এবং উহার উপর ১৫ শতাংশ মূসক অর্থাৎ উৎপাদন পর্যায়ের সরবরাহমূল্যের উপর ২.৪ শতাংশ মূসক আরোপ করিয়া সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) নির্ধারণ করা হইয়া থাকে। অর্থাৎ শতকরা হিসেবে ভোক্তা পর্যায়ে সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) হইবে ১৩৩.৪ টাকা [১০০ টাকা (উৎপাদন পর্যায়ে সরবরাহ মূল্য যা মূলত: ঔষধ প্রশাসন নির্ধারিত ট্রেড প্রাইস)+১৫ টাকা (উৎপাদন পর্যায়ে ১৫% মূসক)+ ১৬ টাকা (ব্যবসায়ী পর্যায়ে ১৬% মূল্য সংযোজনের পরিমাণ)+ ২.৪ টাকা (ব্যবসায়ী পর্যায়ে ২.৪% মূসক যা উৎপাদন পর্যায়ের সরবরাহ মূল্য/ট্রেড প্রাইসের উপর আরোপনীয়)]। উল্লিখিত ভোক্তা পর্যায়ের সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) হইতে কর ভগ্নাংশের (২.৪/১৩৩.৪) সমপরিমাণ অর্থ বিয়োগ করিয়া ব্যবসায়ী পর্যায়ের সরবরাহ মূল্য নিরূপণ করিতে হইবে।

(খ) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক মূসকসহ সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) হইতে ব্যবসায়ী পর্যায়ের ২.৪ (দুই দশমিক চার) শতাংশ হারে নির্ণীত মূসক বিয়োগ করিয়া ব্যবসায়ী পর্যায়ের সরবরাহ মূল্য নিরূপণ করিতে হইবে। উক্ত মূল্য হইতে ব্যবসায়ী পর্যায়ের ১৬ (ষোল) শতাংশ মূল্য সংযোজনের পরিমাণ (Y×১৬/১৩১) বিয়োজন করিয়া উৎপাদন পর্যায়ের পণ নিরূপণ করিতে হইবে যাহার মধ্যে ১৫ (পনের) শতাংশ মূসক অন্তর্ভুক্ত রহিয়াছে মর্মে গণ্য হইবে। উক্ত নির্ণীত পণ হইতে কর ভগ্নাংশের (১৫/১১৫) সমপরিমাণ অর্থ বিয়োগ করিয়া উৎপাদন পর্যায়ে সরবরাহ মূল্য নিরূপণ করিতে হইবে।

উদাহরণঃ ধরা যাক ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক কোন ঔষধের ভোক্তা পর্যায়ে মূসকসহ সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি একক) ৬৬৭ টাকা। এক্ষেত্রে বিভিন্ন পর্যায়ে মূসকের পরিমাণ নিম্নরূপে নির্ধারিত হইবে, যথাঃ-

(১) ব্যবসায়ী পর্যায়ে প্রদেয় মূসকের পরিমাণঃ ৬৬৭×২.৪/১৩৩.৪=১২ টাকা
(২) ব্যবসায়ী পর্যায়ে সরবরাহ মূল্য=৬৬৭-১২=৬৫৫ টাকা
(৩) ব্যবসায়ী পর্যায়ে মূল্য সংযোজনের পরিমাণ= ৬৫৫×১৬/১৩১=৮০ টাকা

(৪) উৎপাদন পর্যায়ে প্রদেয় পণ=৬৫৫-৮০=৫৭৫ টাকা
(৫) উৎপাদন পর্যায়ে প্রদেয় মূসকের পরিমাণ= ৫৭৫×১৫/১১৫=৭৫ টাকা
(৬) উৎপাদন পর্যায়ে সরবরাহ মূল্য=৫৭৫-৭৫=৫০০ টাকা

(গ) ঔষধের Process Loss এবং Potency Compensation নির্ধারণের বিষয়টি ঔষধ প্রশাসন অধিদপ্তরের এখতিয়ারভুক্ত। ঔষধ প্রশাসন অধিদপ্তরের স্মারক নং: ডিজিডিএ/প্রসেস লস-০৭/২০২১/২৩৬৮২, তারিখ: ৩০/১১/২০২১ খ্রি: এর সুপারিশের আলোকে ঔষধ প্রস্তুতকরণ প্রক্রিয়ায় উপকরণের Process Loss এর গ্রহণযোগ্য সর্বোচ্চ সীমা হইবে ট্যাবলেট ও ক্যাপসুলের ক্ষেত্রে ৫%, Large Volume ইনজেকশন জাতীয় পদ (Over 100ml) এর ক্ষেত্রে ৬%, Small Volume ইনজেকশন জাতীয় পদ (Potent drugs, Sterile opthalmic products, sterile injectables, oncological dugs এবং pre-filled syringe) এর ক্ষেত্রে ১০%, অন্যান্য ঔষধের ক্ষেত্রে ৫%। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক জারীকৃত সংশ্লিষ্ট Annexure- এ Potency Compensation এর হার উল্লেখ থাকিতে হইবে এবং উক্ত হার হইবে Potency Compensation এর গ্রহণযোগ্য সর্বোচ্চ সীমা। তবে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক জারীকৃত সংশ্লিষ্ট Annexure- এ Potency Compensation এর হার উল্লেখ না থাকিলে কোন Potency Compensation গ্রহণ করা যাইবে না।

(ঘ) ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ের সমুদয় মূল্য সংযোজন কর উৎপাদন পর্যায়ে পরিশোধ করে বিধায় ডিপো/ওয়্যারহাউজ হইতে কোন প্রতিষ্ঠানের নিকট ঔষধ সরবরাহ করা হইলে সেই ক্ষেত্রে উৎসে মূসক প্রযোজ্য হইবে না।

(ঙ) উল্লিখিত উভয় পর্যায়ের মূসক ঔষধের উৎপাদন পর্যায়ে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পরিশোধযোগ্য হইবে এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-বিধান অনুসরণ করিয়া কর পরিশোধ, যাবতীয় হিসাব সংরক্ষণ, দাখিলপত্র দাখিলসহ সকল কার্যাদি সম্পাদন করিতে হইবে।”

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

১৭/০৫/২২

**( কাজী ফরিদ উদ্দীন )**
প্রথম সচিব (মূসক নীতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১
ই-মেইলঃ kazifarid75@yahoo.com

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**( তাঁহাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো )।**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০০১.২২/১৪৪(৩৬)                                   তারিখঃ ১৭ মে,২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

৩-৬। সদস্য(মূসক বাস্তবায়ন ও আইটি)/(শুল্ক নীতি)/ (মূসক নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৮-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

২০-২৫। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।

২৬-২৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

৩০-৩১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর / শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩২। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

৩৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩৪। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, নাভানা উসমান লিংক (লেভেল-৪), ২১৪/ডি, বীর উত্তম মীর শওকত এভিনিউ, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

৩৫-৩৭। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(শুল্ক: নীতি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৮। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

RRasan
১৭/০৫/২২

**( কাজী রেজাউল হাসান )**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
E-mail: vatpolicy@gmail.com